# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ حاء (হা) [১০২]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

حاء (হা) - ৫

حِمَارٌ ج حَمِيرٌ، حُمُرٌ <حمر গাধা, গর্দভ ৬২:৫

حَمَلَ [ض] <حمل বহন করা, পরিবহন করা, নিয়ে বেড়ানো, ভ্রমণ করা, বিহার করা, গর্ভধারণ করা, গর্ভে বাচ্চা বহন করা ৩১:১৪; বোঝা চাপানো, আক্রমণ করা ৭:১৭৬

حَمَّلَ বোঝা চাপানো, বহন করানো, দায়িত্বারোপ করা, ভার অর্পণ করা ২:২৮৬

احْتَمَلَ বহন করা, সহ্য করা, সধৈর্যে বহন করা ৪:১১২

حَمْلٌ ج أَحْمَالٌ গর্ভ, ভ্রূণ, গর্ভস্থ সন্তান ৬৫:৪

حِمْلٌ جل أَحْمَالٌ বোঝা, বরাদ্দ ১২:৭২

حَامِلٌ ج الْحَامِلاَتِ বহনকারী, বাহক, পরিবাহী, পরিবহনকারী ২৯:১২

حَمَّالَةَ অধিক বহনকারিণী, সরবরাহকারিণী, চাপপ্রয়োগকারিণী ১১১:৪

حَمُولَةً ভারবাহী পশু, মেরুদণ্ডী প্রাণী ৬:১৪২

حَمِيمٌ جل حَمَائِمُ، أَحِمَّاءُ <حمم গরম পানি, উত্তপ্ত পানি, অগ্নিতপ্ত ফুটন্ত ঝরণার পানি, অত্যুষ্ণ জল, অগ্নিতুল্য পানি ৬:৭০; অন্তরঙ্গ বন্ধু, প্রিয়বন্ধু, অকপটবন্ধু ২৬:১০১

يَحْمُومٌ উত্তপ্ত, তপ্ত ধোঁয়া, কালো ধুঁয়া, জাহান্নামের একটা পাহাড়ের নাম, অগ্নিগিরির ধুম্রকুঞ্জ, জাহান্নামের আগ্নেয়গিরির অগ্নুৎপাতের নিকষ কালো ধোঁয়া ৫৬:৪৩

حَمَى [ض] <حمي গরম করা, উত্তপ্ত করা ৯:৩৫

حَامِيَةٌ দহনশীল, তাপমান, উত্তপ্ত অগ্নি, দাউদাউ করা, দাহ্যমান, অগ্নিগর্ভ ৮৮:৪

الْحَمِيَّةُ মনের আগুন, উত্তাপ, মনস্তাপ, উত্তেজনা, ঘৃণা, জিদ, অহংবোধ ৪৮:২৬

حَامٍ মূর্তির তরে সমর্পিত উট, দেবতার নামে উৎসর্গিত দশবার প্রজননকারী পুরুষ উট ৫:১০৩

حَنِثَ [س]، حِنْثٌ جل أَحْنَاثٌ <حنث শপথ ভাঙা, অঙ্গীকার ভঙ্গ করা; কসম ভঙ্গ, পাপ কাজ, পাপাচার, অপরাধ, গুনাহ ৩৮:৪৪

حَنَاجِرُ و حَنْجَرَةٌ <حنجر গলা, কণ্ঠনালী, গলবিল, নলি ৩৩:১০

حَنِيذٌ <حنذ ভূনা মাংস, ভাজা মাংস ১১:৬৯

حنف> حَنِيفٌ ج حُنَفَاءُ একরোখা, একনিষ্ঠ, একাগ্রচিত্ত, সৎপরায়ণ, আল্লাহভিমুখী, ইবরাহিমী ধর্মাবলম্বী ২:১৩৫

حنك> احْتَنَكَ লাগাম পরানো, দুর্বল করা, ধর্মচ্যুত করা, পরাজিত করা, ধ্বংস করা, বিনাশ করা, নবজাতককে খেজুর বা মিষ্টান্ন চিবিয়ে খাওয়ানো ১৭:৬২

حنن> حَنَانٌ কোমলতা, স্নেহমমতা, ভালোবাসা, সোহাগ, অনুরাগ, আগ্রহ ১৯:১৩

حُنَيْنٍ হুনাইন: মক্কার এক উপত্যকা ৯:২৫

حوب> حُوبٌ পাপ, অন্যায়, অপরাধ, গুনাহ ৪:২

حوت> حُوتٌ ج حِيتَانٌ মাছ, মৎস ১৮:৬৩

حوج> حَاجَةٌ جل حَوَائِجُ প্রয়োজন, চাহিদা, হাজত, অভাব ১২:৬৮

حوذ> اسْتَحْوَذَ জয়ী হওয়া, পরাজিত করা, পরাভূত করা, বশীভূত করা, দুর্বল করা, প্রভাব বিস্তার করা, প্রভাব খাটানো, কর্তৃত্ব প্রতিষ্ঠা করা, স্বাধীন হওয়া, স্বনির্ভর হওয়া ৫৮:১৯

حور> [ن] حَارَ ফিরা, ফিরে আসা ৮৪:১৪

حَاوَرَ، تَحَاوُرٌ জেরা করা, তর্কাতর্কি করা, বাদানুবাদ করা, সংলাপ করা, প্রশ্নোত্তর করা, কথা প্রসঙ্গে বলা ১৮:৩৪

حُورٌ و حَوْرَاءُ নিকষকালো মণিবিশিষ্ট, হুর, জান্নাতের নারী, অপ্সরা ৪৪:৫৪

حَوَارِيٌّ ঈসা আলাইহিস সালামের সঙ্গীদের উপাধী, ধোপা, সাহায্যকারী ৩:৫২

حوز> مُتَحَيِّزٌ সপক্ষ অবলম্বনকারী, পক্ষাবলম্বী, পক্ষপাতী, সপক্ষে মিলনার্থে ৮:১৬

حوش> [ن] حَاشَ দোষত্রুটি মুক্ত হওয়া

حَاشَ لله সে আল্লাহর রহমতে দোষত্রুটি মুক্ত হয়েছে, সুবহানাল্লাহ, আল্লাহ সুমহান হয়েছেন ১২:৩১

حوط> أَحَاطَ বেষ্টন করা, ঘিরে রাখা, পরিবেষ্টিত করা, সামলে রাখা, সামাল দেওয়া, জ্ঞানাবদ্ধ করা, আয়ত্তে নেওয়া ২:৮১

مُحِيطٌ مث مُحِيطَةٌ বেষ্টনকারী, পরিবেষ্টক, জ্ঞানাবদ্ধকারী, আয়ত্তবান, সামালদাতা, নিয়ন্ত্রক, নিয়ন্তা ২:১৯

حول> [ن] حَالَ আড়াল হওয়া, অন্তরাল হওয়া, প্রতিবন্ধক হওয়া, অন্তরায় সৃষ্টি করা, বাঁধ সাধা ১১:৪৩

حَوْلٌ جل أَحْوَالٌ সময়ের অন্তরাল, বছর, বৎসর; চতুর্দিক, চারদিক, পরিবেশ, আশপাশ, আশেপাশে ২:১৭

حِوَلٌ، تَحْوِيلاً পরিবর্তন, রদবদল, এপাশ ওপাশ, অবস্থান্তর, স্থানান্তর ১৮:১০৮

حوم> حَامٍ মূর্তির তরে সমর্পিত উট, দেবতার নামে উৎসর্গিত দশবার প্রজননকারী পুরুষ উট ৫:১০৩

حوي> حَوِيَّةٌ و الْحَوَايَا নাড়িভুঁড়ি, অন্ত্র, অন্ত্রের চর্বি, চর্বিমিশ্রিত অন্ত্র ৬:১৪৬

أَحْوَى লাল-কালো ও সবুজের সমাহার, সবুজ শ্যামল ৮৭:৫

حيث> حَيْثُ যে স্থানে, যেখানে, যেথায়, যত্র, সেখানে ২:৩৫

حَيْثُمَا যেখানেই, যে কোন স্থানে, যেখানে সেখানে, যত্রতত্র, যেথায়ই ২:১৫০

حيد> [ض] حَادَ সরে পড়া, পলায়ন করা, সরে যাওয়া, টালবাহানা করা, গা বাঁচিয়ে চলা, এড়িয়ে চলা ৫০:১৯

حير> حَيْرَانٌ جل حَيَارَى হয়রান, হতভম্ব, পেরেশান, কিংকর্তব্যবিমূঢ়, বিচলিত ৬:৭১

حيص> مَحِيصٌ আশ্রয়স্থল, পালানোর জায়গা, পলায়নস্থল, পানাহগাহ ১৪:২১

Source — https://www.hadithbd.com/books/link/?id=10210

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন